

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
আইসিটি শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	শামীম আহমেদ জেলা প্রশাসক
সভার তারিখ	২৮ মে ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১২.৩০ মিনিট
স্থান	জেলা প্রশাসক, রাজশাহী ঐর সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছেন। তথ্য অধিকার বাস্তবায়নে রাজশাহী জেলার অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির ও উপজেলা কমিটির সকল দপ্তর প্রধানকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে বলে সভাপতি মতামত ব্যক্ত করেন। তথ্য অধিকার বাস্তবায়নের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে কার্যক্রম গ্রহণ এবং তাদেরকে আরটিআই অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য তিনি পুনরায় নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও সদস্য-সচিব সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ আলোচনা করা হয় এবং আলোচনামতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	০২	০৩	০৪
	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৪নং প্রজ্ঞাপনের ২নং অনুচ্ছেদ অনুযায়ী তথ্য অধিকার আইন বাস্তবায়ন ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় কমিশনার এবং উপজেলা পর্যায়ে আয়োজিত সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা রয়েছে।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি কর্তৃক প্রতি দুই মাসে একবার সভা আহ্বান করে কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।	১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী
০২	কমিটির সদস্য-সচিব জানান যে, রাজশাহী জেলা ও উপজেলায় তথ্য প্রদান ইউনিটের সংখ্যা ৩৪৭, নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৩৪৭, নিয়োগকৃত বিকল্প কর্মকর্তার সংখ্যা ৩৩৭, আপীল কর্তৃপক্ষের সংখ্যা ৭৫, অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ৬৩৭। সভাপতি জেলার নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষকে স্ব-প্রণোদিত হয়ে তথ্য প্রকাশের পদক্ষেপ নিয়ে তা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।	প্রত্যেক বিভাগ/ দপ্তর কর্তৃক তাদের কর্মকাণ্ডের প্রকাশিতব্য তথ্য স্ব-প্রণোদিত হয়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী

০৩	সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্দিষ্ট ফরমে অথবা প্রয়োজনে সাদা কাগজে তথ্য চেয়ে আবেদন করলেও জরুরী ভিত্তিতে তথ্য প্রদান করার অনুরোধ জানান। তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার অনুরোধ জানান।	প্রত্যেক বিভাগ/ দপ্তরকে জনসাধারণের চাহিত তথ্যাদি জরুরীভাবে প্রদানের ব্যবস্থানিতে হবে।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী
০৪	সভাপতি তথ্য কমিশনের এ দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়োগকৃত সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য অধিকার বাস্তবায়নে সহযোগিতা করতে অনুরোধ করেন। এছাড়া যেহেতু তথ্য অধিকার আইন জনসাধারণের জন্য তৈরী হয়েছে সুতরাং তাদের অধিকারের বিষয়টি মাথায় রেখে কাজ করতে সভাপতি কমিটির সকল সদস্যকে অনুরোধ করেন। তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী কর্মতৎপরতা বাড়াতে ও জনসাধারণকে তথ্য অধিকার আইন সম্পর্কে অবগত করার জন্য সরকারি দপ্তরগুলির ওয়েব পোর্টালে প্রকাশ, সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে রাখতে অনুরোধ জানান।	তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটিকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো।	সম্মানিত সদস্যগণ (সকল)
০৫	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী সভাকে অনুরোধ জানান যে, বিভাগীয় প্রত্যেক অফিস স্ব স্ব বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করবেন এবং রাজশাহী পোর্টালে তাদের নিজ নিজ দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করবেন।	বিভাগীয় প্রত্যেক অফিস স্ব স্ব বিভাগের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ প্রদান এবং পোর্টালে উক্ত কর্মকর্তার তথ্য নিয়মিত হালনাগাদ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।	বিভাগীয় প্রধান/ দপ্তর প্রধান (সকল), রাজশাহী

অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



শামীম আহমেদ
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০৩৪.০৪.০০১.২৩.৫২


তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০

০৮ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) তথ্য অধিকার বাস্তবায়ন অবক্ষণ ও পরিবীক্ষণ জেলা কমিটি



সাকিব হাছান খান

সহকারী কমিশনার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা